গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.pweeegl.gov.bd

বিষয়: তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন কমিটি ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : বেগম চেমন আরা তৈয়ব (সাবেক সংসদ সদস্য)
চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা

তারিখ : ২০ জুন, ২০২২

সময় : বেলা ৩.০০ ঘটিকা

স্থান : সভাকক্ষ (৫ তলা), জাতীয় মহিলা সংস্থা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ - 'ক'

২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক কার্যপত্র সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যপত্রের ভিত্তিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য সূচী | আলোচনার বিবরণ | সুপারিশ |
|---|---|---|---|
| ০১ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | ক) প্রকল্প পরিচালক জানান, বেকার ও সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্ম-নির্ভরশীলতা অর্জনে উদ্বুদ্ধ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে জানুয়ারী ২০২১ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে ৪২৭৯৭.৭৮ লক্ষ টাকা ব্যয়ে তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পটি বাস্তবায়ন হচ্ছে। এই প্রকল্পের আওতায় ৬৪টি জেলায় ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ফ্যাশন ডিজাইন, ক্যাটারিং, বিউটিফিকেশন, ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট, বেবি কেয়ার, হাউসকিপিং এবং বিজনেস ম্যানেজমেন্ট বিষয়ে ২,৫৬,০০০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ২০২১-২০২২ অর্থবছরে ফ্যাশন ডিজাইন, ক্যাটারিং, বিউটিফিকেশন, ইন্টরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট, বিজনেস ম্যানেজমেন্ট এন্ড ই-কর্মাস, বেবিকেয়ার এবং হাউসকিপিং ট্রেডে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ এবং রংপুর বিভাগে ৬৪টি জেলায় ৮০টি প্রশিক্ষণকেন্দ্রে প্রতিব্যাচে ২৫ জন করে ১৭৪২টি ব্যাচে মোট ৪৩৫৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ প্রদান করা হবে।<br><br>মে ২০২২ পর্যন্ত ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৭টি বিষয়ে ২৫ জন করে ১৪৪০ ব্যাচে ৩৬০০০ জন নারীকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৩০২ ব্যাচে ৭৫৫০ জন নারীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) প্রকল্প পরিচালক আরো জানান, প্রকল্পের আওতায় নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের উদ্যোগে ৮০ টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, ৮০ টি ফুড কর্ণার এবং ৮০ টি বিউটি পার্লার স্থাপন করে ১৬০০ জন নারী উদ্যোক্তাকে স্থায়ী ভাবে স্বাবলম্বী করে | ক) প্রকল্পের কার্যক্রম সন্তোষ জনক।<br><br>খ) পর্যায়ক্রমে সকল বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, ফুডকর্ণার এবং বিউটিপার্লার স্থাপন করতে হবে এবং তথ্য সম্বলিত সময় উপযোগী একটি ডাটাবেইজ সফ্টওয়্যার তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| ক্র:নং | আলোচ্য সূচী | আলোচনার বিবরণ | সুপারিশ |
|---|---|---|---|
| | | তোলা হবে। ৬টি প্রশিক্ষণ কেন্দ্রে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, ফুড কর্ণার এবং বিউটিপার্লার স্থাপন করা হয়েছে। বাকী অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রে পর্যায়ক্রমে শুরু করা হবে। ব্যাপক চাহিদা থাকায় দ্রুত বাকী প্রশিক্ষণ কেন্দ্রে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, ফুড কর্ণার এবং বিউটিপার্লার স্থাপনের প্রক্রিয়া শুরু করার জন্য চেয়ারম্যান মহোদয় মত প্রকাশ করেন।<br>গ) প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ০১টি ডাটাবেইজ সফ্টওয়্যার আছে। সেই সফ্টওয়্যারটিতে আরো কিছু Component যুক্ত করা এবং সফ্টওয়্যারটি আপডেট করার লক্ষ্যে একটি ইনোভেশন টিম গঠন করা হয়েছে। চেয়ারম্যান মহোদয় প্রয়োজনীয় তথ্য সম্বলিত সময় উপযোগী একটি ডাটাবেইজ সফ্টওয়্যার তৈরী করা লক্ষ্যে মত প্রকাশ করেন। | |
| ০২। | ২০২২-২৩ অর্থবছরে বাজেট বরাদ্দ ও প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা | ক) প্রকল্প পরিচালক জানান, ২০২২-২০২৩ অর্থবছরে ডিপিপি অনুসারে মোট বাজেট বরাদ্দ ৮৫৩৭.৭৬ লক্ষ টাকা যার মধ্যে প্রশিক্ষণের জন্য বরাদ্দ ৪৯৯২.০০ লক্ষ টাকা। কিন্তু সরকারের বরাদ্দ সঙ্কোচনের কারণে ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে মোট বাজেট বরাদ্দ দেওয়া হয়েছে ৫২৫০.০০ লক্ষ টাকা। ফলে প্রশিক্ষণের জন্য বরাদ্দ কমে দাড়ায় ২৬৫১.৩৫ লক্ষ টাকা। উপসচিব, (পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বলেন, এডিপিতে যে পরিমাণ বরাদ্দ আছে পরবর্তীতে আরএডিপিতে বরাদ্দ সংশোধনের সুযোগ থাকে। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন, চলতি অর্থবছরের বরাদ্দ শতভাগ কার্যক্রম বাস্তবায়ন করা হলে সেক্ষেত্রে আরডিপিতে অতিরিক্ত অর্থবরাদ্দের সুযোগ সৃষ্টি হয়। প্রকল্পের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা, আরএডিপিতে কাঙ্খিত অর্থ বরাদ্দ রাখার ব্যবস্থা গ্রহণ অথবা ২০২৩-২৪ অর্থবছরের সাথে সমন্বয় সাধন করে প্রশিক্ষণ কার্যক্রম যাতে বাধা সৃষ্টি না হয় সে আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় চেয়ারম্যান মহোদয় মত প্রকাশ করেন। | ২০২২-২৩ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে এবং আরএডিপিতে কাঙ্খিত অর্থ বরাদ্দ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ০৩) | বিবিধ | ক) প্রশিক্ষণ ভাতা পরিশোধ: প্রকল্প পরিচালক জানান, পূর্বে ক্রস চেকের মাধ্যমে ভাতা পরিশোধ করা হলে তা অনেক সময় সাপেক্ষ এবং নগদ টাকা প্রদান করা হলে যথাযথ ব্যবহার না হওয়ার সম্ভবনা থাকে। তাই সরকারের নির্দেশনা মোতাবেক ডিজিটাল পদ্ধতিতে প্রশিক্ষণার্থীদের ভাতা পরিশোধের জন্য G2P পদ্ধতিতে 'নগদ' এর মাধ্যমে প্রশিক্ষণ ভাতা পরিশোধ করা যায়। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে G2P পদ্ধতি ব্যবহার করে প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান করা যায় বলে চেয়ারম্যন মহোদয় মত প্রকাশ করেন। তবে এ বিষয়ে যাচাই-বাছাই করে সিদ্ধান্ত নেয়ার আবশ্যকতা রয়েছে।<br>খ) প্রশিক্ষকের বিষয় পরিবর্তন সংক্রান্ত: নির্বাহী পরিচালক মহোদয় জানান যে, তিনি পরিদর্শন কালে দেখতে পান শ্রীমঙ্গল প্রশিক্ষণকেন্দ্রে বিজনেস ম্যানেজমেন্ট বিষয়ের প্রশিক্ষককে ইন্টেরিয়র ডিজাইন এবং ইন্টেরিয়র ডিজাইন প্রশিক্ষককে প্রশিক্ষণ কর্মকর্তা হিসাবে নিয়োগ দেয়া হয়েছে। তারা তাদের দায়িত্ব পালনে যথাযথ হবে কিনা তা যাচাই করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রাক্তন প্রকল্প পরিচালকের সময়ে এ সকল নিয়োগ কার্যক্রম সমাপ্ত হয়ে গিয়েছে।<br>গ) প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত: চেয়ারম্যান মহোদয় জানান যে, প্রকল্পের কার্যক্রম অনেক বড় যা একজন অতিরিক্ত দায়িত্বে থাকা প্রকল্প পরিচালক দিয়ে সম্ভব নয়, তাই অতি দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে ব্যবস্থা নেয়া প্রয়োজন। | G2P পদ্ধতি ব্যবহার করে প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান করা জন্য স্টিয়ারিং কমিটির মতামত/ সিদ্ধান্ত গ্রহণ করা যায় এবং অতি দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগের বিষেয়ে স্টিয়ারিং কমিটির সভায় আলোচনা করতে হবে। |

০৩। সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৭/২০২২

বেগম চেমন আরা তৈয়ব (সাবেক সংসদ সদস্য)
চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)
তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্দ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প

স্মারক নং: ৩২.০২.০০০০.০০০.০৬(ক).০২০.২২-

তারিখ: ২৬/০৬/২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

০১। সিনিয়র সচিব. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন,শেরেবাংলা নগর,ঢাকা।
০৩। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। প্রধান, এনইসি-একনেক এন্ড সমন্বয় শাখা, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৫। মহাপরিচালক, আইএমইডি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৬। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
০৭। যুগ্ম সচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা ।
০৮। যুগ্ম সচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা ।
০৯। উপ সচিব (পরিকল্পনা ঃ ১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপ সচিব (উন্নয়ন ঃ ১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী পরিচালক (অর্থ ও ক্রয়), তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প।
১২। সহকারী পরিচালক (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।

অনুলিপি ঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। পি এ টু চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য ।
০৪। পি এ টু নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা- নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ।
০৫। অফিস কপি।

১৮/৭/২০২২

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
ও
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী
উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প
ফোন: ০২-৫৮৩১১৭৮৭
E-mail: pd@pweeegl.gov.bd